বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক জনকণ্ঠ

তারিখ 15 JUL 1995
পৃষ্ঠা ১০ কলাম ৫

৭১

ছাত্র শিক্ষক অভিভাবক সমাবেশ

# একমুখী ও সর্বজনীন শিক্ষা ব্যবস্থা চালুর দাবি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ছাত্র-শিক্ষক-অভিভাবক সমাবেশে বক্তারা দেশের ত্রিমুখী শিক্ষা ব্যবস্থার বিলোপ ঘটিয়ে একমুখী ও সর্বজনীন শিক্ষা চালুর দাবি জানিয়েছেন। তাঁরা বলেন, দেশে বর্তমানে তিন শ্রেণীর শিক্ষা ব্যবস্থা বিদ্যমান।

পাঁচ দফা দাবির ভিত্তিতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট আয়োজিত ব্যতিক্রমধর্মী এক সমাবেশে বক্তারা এ কথা বলেন। বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত এ সমাবেশে রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও মহল্লা থেকে আগত ছাত্র, শিক্ষক ও অভিভাবকরা উপস্থিত ছিলেন। এতে বক্তৃতা করেন শিক্ষাবিদ অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি ফয়েজ আহমদ, খালেকুজ্জামান ভূইয়া, ডাঃ মাহবুবুর রহমান চৌধুরী, মোস্তফা ফারুক প্রমুখ। সভাপতিত্ব করেন ছাত্রফ্রন্ট সভাপতি বেলাল চৌধুরী।